উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।

মার্চ/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র।

সভাপতি : মো: আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৪/০৩/২০২৫ খ্রি:।
সময় : ১১ : ০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অত:পর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আন্তর্জাতিক নারী দিবস ২০২৫ উদ্‌যাপন করা হয়েছে। ভিডব্লিউবি এর ২০২৫-২৬ চক্রের অনলাইন আবেদন শুরু হয়নি। মা ও শিশু সহায়তা কর্মসূচির মার্চ/২০২৫ মাসের ৯টি ইউনিয়ন ও পৌরসভার মোট= ৯০জন উপকারভোগীর ডাটাবেজ সম্পন্ন হবে। কিশোর কিশোরী ক্লাব কার্যক্রমের আওতায় ২০২৫ সালের জন্য ১০টি ক্লাবের ক্লাস কার্যক্রম চলমান। লাউডোব ইউনিয়নে খুটাখালি গ্রামে ০১টি ও কামারখোলা ইউনিয়নের জয়নগর গ্রামে ০১টি মোট= ২টি উঠান বৈঠক করা হয়েছে।উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা, উপজেলা বাল্য বিয়ে প্রতিরোধ কমিটির সভা ও উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হবে। ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | আলোচ্য বিষয়ের সঠিক বাস্তায়ন ও দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা দুঃস্থ মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত সকল উপকারভোগীরা ২০২৪-২৫ অর্থ বছরের ৩য় কিস্তির ( জানয়ারি/২৫ থেকে মার্চ/২৫) পর্যন্ত তাদের নগদ নম্বরে ভাতা/ উপবৃত্তির অর্থ পেয়েছে বা পাচ্ছে। এসময় বিভিন্ন প্রতারক চক্র বিভিন্ন পরিচয় দিয়ে উপকারভোগীর নগদ নম্বরে ফোন দিয়ে ওটিপি সংগ্রহ করে ভাতাভোগীদের প্রতারিত করছে। এ বিষয়ে সকল | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ প্রতারক চক্রের বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বরগণ বিষয়টি এলাকাবাসীকে সতর্ক করার বিষয়ে প্রচার প্রচরণা চালিয়ে যাওয়ার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্য (সকল)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বরদের বিষয়টি নিয়ে এলাকাবাসীকে সতর্ক করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে ভর্তিকৃত অসহায় ও দুঃস্থ রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান করা হচ্ছে। | | |
| ৩. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | চলতি অর্থ বছরের চলমান মাসে ১৮-৩৫ বছর বয়স্ক বেকার যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ৩০ জন করে ০৭ দিন মেয়াদী ০২ টি ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।চলতি অর্থবছরে মোট ১২ টি ব্যাচে মোট ৩৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগামী এপ্রিল মাসে ০১ টা ব্যাচের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে মোতাবেক যে এলাকায় আগ্রহী যুবদের পাওয়া যাবে সেই এলাকায় স্থানীয় চাহিদার উপর নির্ভর করে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে। এ ব্যাপারে সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান মহোদয়দের সহযোগিতা কামনা করছি। আপনাদের এলাকায় কর্মসংস্থানের লক্ষ্যে প্রশিক্ষণে আগ্রহী যুবদের ৩০ জনের ব্যাচ প্রস্তুত হলে, আমরা সংশ্লিষ্ট এলাকায় প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারবো। তাছাড়া এপ্রিল/২৫ মাসে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উপর ০১ টা ব্যাচের প্রশিক্ষণের প্রস্তুতি চলছে। তাছাড়া লক্ষমাত্রা অনুযায়ী জেলা কার্যালয়ে প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়।<br><br>সরকারী বিধিমালা অনুযায়ী যুবঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। খেলাপী আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উপজেলা ঋণ কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শক্রমে খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ ঋণ আদায়ের ক্রমপুঞ্জিত হার বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ৪. | উপজেলা প্রকৌশল দপ্তর। | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবনটি লবনাক্ততার কারণে অনেক জায়গার ওয়ালের প্লাস্টার ধসে গেছে। নষ্ট হওয়া ওয়ালের প্লাস্টার তুলে নতুন প্লাস্টার করা, রং করা এবং জায়গায় জায়গায় মেরামতের কাজ করার জন্য RFQ দরপত্র মাধ্যমে জরুরীভাবে প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রস্তাব করেন। | আলোচ্য বিষয়ে প্রাক্কলন মোতাবেক RFQ দরপত্র মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/রাজস্ব তহবিল থেকে ব্যয়িত টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| | | তিনি আরও জানান, উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবনের ঠিকাদারি কাজ শেষ হয়েছে। উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসসহ অন্যান্য দপ্তর উক্ত ভবনে স্থানন্তর হওয়ার পূর্বেই আভ্যন্তরীণ কাঠামো সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণসহ (ইন্টোরিয়র ডিজাইন) করা প্রয়োজন। এ বিষয়ে প্রাক্কলন প্রস্তুত পূর্বক RFQ দরপত্র মাধ্যমে উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবনে আভ্যন্তরীণ কাঠামো সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ (ইন্টোরিয়র ডিজাইন) এর বিষয়ে বিধিগত | উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাজস্ব তহবিল/উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেণ। | ব্যবস্থা গ্রহণে প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৬. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ৭. | পল্লীসঞ্চয় ব্যাংক। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক। |
| ৮. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তার। |
| ১০. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১২. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ১৩. | দাকোপ সাব-জোনাল অফিস, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকৌশলী। |
| ১৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ১৬. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১৭. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৯. | উপজেলা দারিদ্র | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | বিমোচন কর্মকর্তার কার্যালয়। | | | বিমোচন কর্মকর্তা। |
| ২০. | উপজেলা বন বিভাগ। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা বন কর্মকর্তা। |
| ২১. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২২. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। |
| ২৩. | চেয়ারম্যান, ২ নং দাকোপ, ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৪. | প্যানেল চেয়ারম্যান, ৩ নং লাউডোব ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৫. | প্যানেল চেয়ারম্যান, ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৬. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৭. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৮. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৯. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩০. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

৩১ বিবিধ আলোচনা :

ক) উপজেলা আইসিটি অফিসার, দাকোপ জানান যে, উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে সি,সি ক্যামেরা এখন ও পর্যন্ত স্থাপন করা হয়নি । উক্ত ভবনের সকল কক্ষে স্থাপনের জন্য সি,সি ক্যামেনা ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবনে আপাততঃ ১৬টি সি,সি ক্যামেরা ও অন্যান্য সংশ্লিষ্ট মালামাল ক্রয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । ১৬টি সি,সি ক্যামেরা ও ক্যামেরা সংশ্লিষ্ট অন্যান্য মালামাল আইন ও বিধিমোতাবেক ক্রয় করার জন্য ০৫ সদস্য বিশিষ্ট একটি পি,আই,সি গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা সমাজসেবা অফিসার,দাকোপ,খুলনা | : সভাপতি |
| ২. | উপজেলা আইসিটি অফিসার,দাকোপ,খুলনা | : সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,দাকোপ,খুলনা | : সদস্য |
| ৪. | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,দাকোপ,খুলনা | : সদস্য |
| ৫. | উপজেলা যুবউন্নয়ন অফিসার,দাকোপ,খুলনা | : সদস্য |

গঠিত কমিটি যতদ্রুত সম্ভব ১৬টি সি,সি ক্যামেরা ও অন্যান্য সংশ্লিষ্ট মালামাল আইন ও বিধিমতে ক্রয় করে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে সংশ্লিষ্ট খাত থেকে নির্ধারিত টাকার মধ্যে ১৬টি সিসি ক্যামেরা ও ক্যামেরা সংশ্লিষ্ট মালামাল ক্রয় ও স্থাপনের ব্যয়িত টাকা পরিশোধ করা হবে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৪/০৩/২৫
মো: আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫. ৫৪ (৫০)

তারিখ ১০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৫ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৬. সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৮. উপজেলা ..........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৯. চেয়ারম্যান .................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
১০. অফিস কপি।

২৪/০৩/২৫
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

CamScanner